দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 21 JUL 1989
পৃষ্ঠা 3 কলাম 5

21 JUL 1989

## জাল সার্টিফিকেট বলে ১০ বছর যাবৎ মাদ্রাসার অধ্যক্ষ

ঠাকুরগাঁও সংবাদদাতা জানান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কামিল পাশের একটি জাল সার্টিফিকেট দাখিল করিয়া হাফেজ মাওলানা মোঃ মুজিবুল হক নামে এক ব্যক্তি ১০ বৎসর যাবৎ একটি মাদ্রাসার অধ্যক্ষ হিসাবে নিয়োজিত আছেন।

প্রকাশ, পীরগঞ্জ উপজেলার পীরডাঙ্গী এস, আই সিনিয়র মাদ্রাসার উক্ত অধ্যক্ষ ১৯৭৯ সালে কামিল পাশের সার্টিফিকেট দাখিল করিয়া অধ্যক্ষ হিসাবে মাসিক ২,৪00/- টাকা বেতনে চাকুরী করিয়া আসিতেছিলেন। কোনভাবে ঘটনাটি দুর্নীতি দমন বিভাগের কানে আসিলে তদন্ত শুরু হয়। তদন্তে দেখা যায়, উক্ত অধ্যক্ষ ১৯৭৯ সালে কামিল পরীক্ষায় ফেল করিয়াছেন এবং দাখিলকৃত পাশের সার্টিফিকেটটি জাল। দুর্নীতি দমন বিভাগ শীঘ্রই একটি মামলা দায়ের করিবে।